

অর্থক্ষণ আদালত আইন, ২০০৩ এর ৩৩(৪) ধারার বিধান মোতাবেক

নিলাম বিজ্ঞপ্তি

মাননীয় যুগ্ম জেলা জজ ১ম আদালত, সিলেট।
অর্থক্ষণ জারী মোকদ্দমা নং-০৬/২০১৭ ইংরেজী।

উত্তরা ব্যাংক লিমিটেড, আশ্বরখানা শাখা, সিলেট।

বনাম

.....ডিক্রীদার।

১নং মেসার্স রুবি স্টোন ক্রাশার, জাফলং রোড, শ্রীপুর, ডাক ও উপজেলা-জৈন্তাপুর, জিলা-সিলেট।

২নং রুবি রানী দাস, স্বামী বিজয় কুমার রায়, ৯, সৈকত আবাসিক এলাকা, জামতলা, বর্তমানে বাসাঃ হোল্ডিং নং-ডি, ১ ব্লক আই টাইটাওয়ার, ৫ম তলা, আশ্বরখানা বড় বাজার, উপজেলা-সদর, ডাক ও জিলা-সিলেট।

.....দায়িকানগণ।

এতদ্বারা সর্ব সাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, এই মোকদ্দমায় দায়িকানগণকে ডিক্রীদার ব্যাংকের প্রাপ্য টাকা আদায় না করায় ডিক্রীদার ব্যাংক পক্ষ দায়িকানগণের নিকট ডিক্রীকৃত টাকা ৭৪,১৭,৩৬২/৭৬ টাকা (চুয়াত্তর লক্ষ সত্তর হাজার তিন শত বাষট্টি টাকা পয়সা ছিয়াত্তর) টাকা এবং মুনাফা ও যাবতীয় খরচ সহ মং ১,০৫,২১,২৯৬/৭৭ টাকা (এক কোটি পাঁচ লক্ষ একশ হাজার দুই শত ছিয়ান্নকই টাকা পয়সা সাতাত্তর) টাকা আদায়ের নিমিত্তে দায়িকানগণের মালিকানাধীন নিম্ন তফসীল বর্ণিত সম্পত্তি বিক্রয়ের জন্য নিম্ন বর্ণিত শর্তাদিতে মাননীয় যুগ্ম জেলা জজ ১ম আদালত এজলাসে রক্ষিত নিলামের দরপত্র বাসে সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে।

তফসীল (বন্ধক সম্পত্তি), (বন্ধক সম্পত্তির বিবরণ)

১। জিলা-সিলেট, থানা-গোয়াইনঘাট, মৌজা-চৌধুরীকান্দি, জে.এল.নং- এস.এ ২১৬, বি.এস, ১৬৫, খতিয়ান নং এস.এ.-১০, বি.এস-৬৪, নামজারী ৯৭, দাগ নং-৫৯, বি.এস, ৯৪, পরিমান ৩.০০(তিন) একর ভূমি বন্ধককৃত বটে।

নিলামের শর্তাবলী :

- আগামী ১১/০৬/২০১৯ইং তারিখে টেন্ডার দাতা/দাতাগণকে মাননীয় যুগ্ম জেলা জজ ১ম আদালত, সিলেটের সেরেস্তায় রক্ষিত উপরোক্ত তারিখে বেলা ১.০০ ঘটিকার মধ্যে টেন্ডার বাস্কের দরপত্র জমা দিতে হইবে অথবা রেজিস্ট্রারী ডাকযোগে নির্ধারিত সময়ের মধ্যে পৌছাইতে হইবে এবং বিকাল ২.৩০ ঘটিকার সময় দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে।
- প্রত্যেক দরদাতাকে উক্ত দর অনূর্ধ্ব ১০,০০,০০০/০০ (দশ লক্ষ) টাকা হইলে উহার ২০% উদ্ধৃত দর ১০,০০,০০০/০০ (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ধ্ব ৫০,০০,০০০/০০ (পঞ্চাশ লক্ষ) টাকা হইলে উহার ১৫% এবং উদ্ধৃত দর ৫০,০০,০০০/০০ (পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হইলে উহার ১০% সম পরিমান টাকা জামানত স্বরূপ ব্যাংক ড্রাফট বা পে- অর্ডার আদালতের দরপত্রের সহিত দাখিল করিবেন।
- অনূর্ধ্ব ১০,০০,০০০/০০ (দশ লক্ষ) টাকা উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তি ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে ১০,০০,০০০/০০ (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ধ্ব ৫০,০০,০০০/০০ (পঞ্চাশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তি ৯০ (নব্বই) দিবসের মধ্যে দরদাতা সমুদয় মূল্য পরিশোধ করিবেন এবং তাহা করিতে ব্যর্থ হইলে আদালত তাহার উক্ত জামানতের টাকা বাজেয়াপ্ত করিবেন।
- দরপত্র গৃহীত হইবার ১০ (দশ) দিন পর লিখিত আবেদন অসফল দরপত্র দাতার জামানত ফেরৎ দেওয়া হইবে।
- কম জামানত প্রদানকারী দরপত্র/ক্রটিপূর্ণ দরপত্র সরাসরি বাতিল হইবে।
- দরপত্রে সম্পত্তি প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিক ভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে কিংবা অন্য কোন কারণে গ্রহনযোগ্য না হইলে আদালত দর প্রস্তাব বাতিল করিতে পারিবেন।
- উপরোক্ত অনুচ্ছেদ ৩ (তিন) এর অধীনে জামানত বাজেয়াপ্ত হইলে বা বাজেয়াপ্ত কৃত অর্থ এবং দ্বিতীয় সর্বোচ্চ দরদাতার দরপত্রের মূল্য সর্বোচ্চ দরদাতা কর্তৃক উদ্ধৃত দর অপেক্ষা কম না হইলে উক্ত দ্বিতীয় সর্বোচ্চ দরদাতাকে সম্পত্তি নিলাম করিতে আহবান করা হইবে এবং দ্বিতীয় সর্বোচ্চ দরদাতা আহৃত হইবার পরবর্তি ১০ (দশ) দিনের মধ্যে সম্পূর্ণ মূল্য পরিশোধ করিবেন এবং তাহা করিতে ব্যর্থ হইলে আদালত তাহার উক্ত জামানতের টাকা বাজেয়াপ্ত হইবে এবং জামানতের উক্ত অর্থ দাবীকৃত টাকার সহিত সমন্বয় করা হইবে।
- কোন কারণ দর্শানো ব্যতিরেকে সর্বোচ্চ বা যে কোন দরপত্র গ্রহন ও বাতিল করার ক্ষমতা আদালত সংরক্ষণ করেন। অধিকন্তু আদালত দরপত্র অংশগ্রহনকারী যে কোন দরদাতা সহিত দর বৃদ্ধির নিমিত্তে নেগোসিয়েশনের অধিকার সংরক্ষণ করেন।
- কৃতকার্য দারদাতার অনুকূলে শর্তপালন সাপেক্ষে তফসীল বর্ণিত সম্পত্তির দখল আদালত কর্তৃক হস্তান্তর করা হইবে প্রয়োজনে অর্থক্ষণ আদালত আইন ২০০৩ এর বিধান মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হইবে।
- সম্পত্তি রেজিস্ট্রেশন সংক্রান্ত যাবতীয় খরচ এবং ক্রয়কৃত সম্পত্তির ট্যাক্স সহ অন্যান্য যাবতীয় খরচ ক্রেতাকে বহন করিতে হইবে।
- উল্লিখিত নিয়মে ও নিধারিত সময়ের মধ্যে দরপত্র দাতা দরপত্রের মূল্যের সমুদয় টাকা প্রদানে ব্যর্থ হইলে তফসীল বর্ণিত সম্পত্তি পুনরায় বিক্রয়যোগ্য হইবে।
- সর্বোচ্চ/গৃহীত দরদাতার দরপত্রের শর্তানুযায়ী অর্থ পরিশোধে ব্যর্থ হইলে আদালত পরবর্তি দরপত্র দাতার দরপত্র গ্রহনযোগ্য হইলে বিবেচনা করিতে পারিবেন।
- দরপত্রের মাধ্যমে নিলাম ডাকে আগ্রহী ব্যক্তিগণ বিস্তারিত তথ্য অবগত হইবার জন্য ডিক্রীদার ব্যাংকের সংশ্লিষ্ট শাখায় সরাসরি যোগাযোগ করিতে পারিবেন।
- তফসীল বর্ণিত সম্পত্তির উপর কোন সরকারি, আধাসরকারী বা স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের, সিটি কর্পোরেশন, পৌরসভার ইউনিয়ন পরিষদ, ওয়াসা কর্তৃপক্ষ, বিদ্যুৎ কর্তৃপক্ষ, গ্যাস কর্তৃপক্ষ, ভূমি কর, ভূমি উন্নয়ন কর ইত্যাদি সহ যে কোন পাওনাদারের পাওনা দাবি থাকিলে তাহা পরিশোধের দায়িত্ব আদালতের উপর বর্তাইবেনা।
- শর্ত বর্হীভূত কোন সমস্যার উদ্ভব হইলে আদালতের সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

অদ্য সন ২০১৯ ইং সনের ০৭, এপ্রিল তারিখের আমার স্বাক্ষর ও আদালতের মোহরযুক্ত মতে দেওয়া গেল।

আদালতের আদেশক্রমে

সেরেস্তাদার, যুগ্ম জেলা জজ, ১ম আদালত, সিলেট।

সাইজ : ৮ ইঞ্চি ৩ কলাম

১। সংগ্রাম

২। জনকর্ষ

৩। সিলেটের ডাক